



ক্ষেতলাল (জয়পুরহাট) ঃ নওটিকা-কেশুরতা আদর্শ নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ছাত্রীরা খোলা আকাশের নীচে ক্লাস করছে -ইত্তেফাক

## ঝড়ে ক্ষেতলালে বালিকা বিদ্যালয় বিধ্বস্ত

ক্ষেতলাল (জয়পুরহাট) থেকে সংবাদদাতা ॥ উপজেলার বড়তারা ইউনিয়নের একমাত্র নারী শিক্ষা প্রতিষ্ঠান নওটিকা-কেশুরতা আদর্শ নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়। আকস্মিক ঘূর্ণিঝড়ে গোটা বিদ্যালয় বিধ্বস্ত হবার পর অর্থাভাবে তা মেরামত করতে না পারায় বর্তমানে সেখানে খোলা আকাশের নিচে চালানো হচ্ছে ছাত্রীদের শিক্ষাদান। সম্প্রতি ঝড়ে গোটা বিদ্যালয় বিধ্বস্ত হয়। অর্থাভাবে এখনও তা মেরামত করা সম্ভব হয়নি। খোলা আকাশের নীচেই চালানো হচ্ছে ক্লাস।

১৯৯৭ সালে এলাকার সর্ব-স্তরের মানুষের সহায়তায় নওটিকা কেশুরতা আদর্শ নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয় স্থাপন করা হয়। বর্তমানে সেখানে ১৬১ জন ছাত্রী

পড়াশুনা করে। ৫ জন শিক্ষক ও ৩ জন কর্মচারী ভবিষ্যতে বেতন-ভাতা পাবেন এ আশা নিয়ে বিনা বেতনেই কাজ করছেন। তারা ঘরটি মেরামতের অর্থ সংগ্রহের জন্য বিভিন্ন দপ্তর এবং দ্বারে দ্বারে ধর্না দিচ্ছেন।

বিদ্যালয়ের উন্নয়নের লক্ষ্যে স্থানীয় সংসদ সদস্য আলহাজ্ব এ ই এম খলিলুর রহমানকে বিদ্যালয় প্রাঙ্গণে সংবর্ধনা প্রদানের পরের দিন রাতেই গোটা বিদ্যালয় ঝড়ে বিধ্বস্ত হয়ে যায়। সর্বশেষ খবরে জানা গেছে উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সাম্প্রতিক সভায় বিদ্যালয়টি মেরামতের জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে ৫০ হাজার টাকা অনু-মোদন করা হয়েছে।